# মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ ।

ISO 9001:2015 Certified

ফোনঃ ৯৯৭৭৩১৫৫৪, ৯৯৭৭৩১৭৪৭
ই-মেইল- mngpbs@gmail.com
ওয়েব- www.pbs.munshiganj.gov.bd


স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২৫.৪৮৩৬ তারিখঃ ২২/০৯/২০২৫ খ্রিঃ

## উন্মুক্ত দরপত্র ও নিলাম বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি'র জন্য ডিজিটাল এটেনডেন্স সিস্টেম, সিসিটিভি ক্যামেরা, ডাটা কানেকটিভিটি (Pre-Payment Metering VPN Connection), ICBS Primary Connection এবং ICBS Secondary Connection সরবরাহ পূর্বক স্থাপন এবং ওএন্ডএম স্টোরের কনডেম ঘোষিত নিম্নবর্ণিত মালামাল "যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়" বিক্রয়ের নিমিত্ত নির্ধারিত সিডিউল অনুযায়ী বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী ও নিলামে মালামাল ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | দরপত্র নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) অফেরত যোগ্য | দরপত্র জামানত (টাকা ) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী ও স্থান | দরপত্র গ্রহনের সময়সূচী ও স্থান | দরপত্র খোলার সময়সূচী ও স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | G-25-26-060-46 | ডিজিটাল এটেনডেন্স সিস্টেম স্থাপন | - | ১০০০/- | ২৪,০০০/- | ২৩/০৯/২০২৫ খ্রিঃ হতে ০৭/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত **স্থান** ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা | ০৮/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত **স্থান** পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা | ০৮/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০৫ ঘটিকা **স্থান** পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা |
| ০২ | G-25-26-060-47 | সিসিটিভি ক্যামেরা স্থাপন | - | ১০০০/- | ১৮,৫০০/- | | | |
| ০৩ | S-25-26-060-16 | ডাটা কানেকটিভিটি (Pre-Payment Metering VPN Connection) স্থাপন | - | ১০০০/- | ৬,৫০০/- | | | |
| ০৪ | G-25-26-060-44 | ICBS Primary Connection স্থাপন | - | ১৫০০/- | ৯১,৬০০/- | | | |
| ০৫ | G-25-26-060-45 | ICBS Secondary Connection স্থাপন | - | ১০০০/- | ৪২,৮০০/- | | | |
| ০৬ | ০২/২০২৫-২৬ (প্যাকেজ-১) | হার্ডওয়্যার ও লৌহ জাতীয় মালামাল | ৫,২৮০.১৯০ কেজি | ৩০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | ২৩/০৯/২০২৫ খ্রিঃ হতে ০৭/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত **স্থান** ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা | ০৮/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত **স্থান** ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা | ০৮/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২:০৫ ঘটিকা **স্থান** ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিঃ ও ব্যবঃ পরিঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা |
| | | স্টীল পোল | ১৮,০০৬কেজি | | | | | |
| | ০২/২০২৫-২৬ (প্যাকেজ-২) | এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস মালামাল | ২৭,৭৫১.২৭৯ কেজি | ৩০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | | | |
| | ০২/২০২৫-২৬ (প্যাকেজ-৩) | বিনষ্ট সুপার এনামেল কপার তার | ৫,১১৬.৪৫১ কেজি | ৩০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | | | |
| | ০২/২০২৫-২৬ (প্যাকেজ-৪) | এক ফেজ এনালগ মিটার | ৩৩,৬০০ টি | ৩০০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | | | |
| | | এক ফেজ ডিজিটাল মিটার | ১৩,৩২৭ টি | | | | | |
| | | এক ফেজ প্রিপেইড মিটার | ২,৩৬৫ টি | | | | | |
| | | তিন ফেজ ডিজিটাল মিটার | ৩১০ টি | | | | | |
| | | তিন ফেজ প্রিপেইড মিটার | ৪৫ টি | | | | | |
| | | সিটি/পিটি | ৪৪ টি | | | | | |
| | | ক্যাপাসিটর | ০৯ টি | | | | | |
| | | এসিআর এর ব্যাটারী | ০৮ টি | | | | | |
| | | প্লাষ্টিক ববিন | ২০০ টি | | | | | |
| | | কাঠের ক্রস আর্ম/এ্যাংকর লগ | ১,৯৩৬ কেজি | | | | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে বর্ণিত টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। আগ্রহী দরদাতাগণ আগামী ০৮/১০/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে ছকে উল্লেখিত স্থান ও সময়সূচী অনুযায়ী রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৪। দরপত্রের প্রত্যেকটি প্যাকেজের জন্য পৃথকভাবে উল্লেখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বিবেচনায় নেওয়া হবে না। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্নিত সময়সূচী অনুযায়ী (ক) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এবং (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। প্রতিষ্ঠানের দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে। উল্লেখ্য যে, ক্রমিক নং- ০৬ এর ক্ষেত্রে শুধুমাত্র লেটার হেড প্যাডে/সাদা কাগজে দরদাতা আবেদন করতে পারবেন এবং প্রাক্কলিত মূল্যের চেয়ে দাখিলকৃত দর কম হলে নিলাম দরপত্রটি বিবেচনা করা হবে না।

**০৬। যে কোন দরদাতা প্রতিষ্ঠান ICBS Primary Connection এবং ICBS Secondary Connection স্থাপনের দরপত্র সিডিউল ০২ টি একই সাথে ক্রয় করলেও একই প্রতিষ্ঠান ০২টি দরপত্র দাখিল করতে পারবেন না। দরদাতা প্রতিষ্ঠান যে কোন ০১ টি দরপত্র দাখিল করতে পারবেন। যদি একই প্রতিষ্ঠান ০২ টি দরপত্র দাখিল করেন তাহলে দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।**

০৭। ক) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে (ক্রমিক নং-০১ হতে ০৫ এর জন্য প্রযোজ্য)।

খ) কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত দরের উপর পৃথকভাবে ভ্যাট ও উৎস কর কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল বুঝে নিতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে (ক্রমিক নং-০৬ এর জন্য প্রযোজ্য)।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে দরপত্র জমা প্রদানের পূর্ব দিন পর্যন্ত অর্থাৎ আগামী ০৭/১০/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে সদর দপ্তরস্থ প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতঃ পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের মালামাল "যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়" সরেজমিনে পরিদর্শন করা যাবে।

০৯। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১১। কার্যাদেশ প্রদানের সময়ে বর্নিত আইটেমের মালামালের পরিমান কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২২.০৯.২৫
(মোঃ ইউসুফ আলী)
জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়</u>**

০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (দঃ অঃ), বাপবিবো, ঢাকা **(নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, মুন্সীগঞ্জ।
০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
০৭। ডিজিএম, সিরাজদিখান/শ্রীনগর/মুন্সীগঞ্জ/টংগিবাড়ী/লৌহজং জোনাল অফিস, মুপবিস।
০৮। এজিএম (অর্থ-হিসাব),মুপবিস।
০৯। এজিএম (ওএন্ডএম), নিমতলা/চরডুমুরিয়া/ডিক্রীরচর/ভাগ্যকুল/নওপাড়া সাব-জোনাল অফিস, মুপবিস।
১০। এজিএম (আইটি-২), মুপবিস **(পবিস ও বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১। নোটিশ বোর্ড
১২। অফিস কপি/মাস্টার কপি।

২২/০৯/২০২৫
(মোঃ আনোয়ার হোসেন)
এজিএম (প্রশাসন)